প্রতিবেদন- বিএনএফডব্লিউএ খুলনা শাখা

১। **প্রেসিডেন্ট বিএনএফডব্লিউএ এর বিদায় সংবর্ধনা।** গত ২০ জুলাই ২০২৩ বানৌজা তিতুমীরস্থ ফেয়ারওয়ে মাল্টিপারপাস হলে বিএনএফডব্লিউএ এর মাননীয় প্রেসিডেন্ট মনিরা রওশন ইকবাল এর বিদায় সংবর্ধনা অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানকে স্বরণীয় করে রাখতে একটি মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। উক্ত অনুষ্ঠানে বিএনএফডব্লিউএ খুলনা, বিএন লেডিস ক্লাব খুলনা এবং বিএনএফডব্লিউএ মোংলা উপশাখার সকল সদস্যবৃন্দসহ খুলনা নৌ অঞ্চলে কর্মরত আমন্ত্রিত কর্মকর্তার পত্নী ও নাবিক পত্নীগনের উপস্থিতিতে প্রেসিডেন্ট বিএনএফডব্লিউএকে বিদায় সংবর্ধনা প্রদান করা হয়।

চেয়ারম্যান বিএনএফডব্লিউএ খুলনা কর্তৃক বিদায়ী প্রেসিডেন্ট বিএনএফডব্লিউএকে ফুলের তোঁড়া দিয়ে অভ্যর্থনা জ্ঞাপন।

সাংস্কৃতিক অনুষ্ঠানে অংশগ্রহণকারী কলাকৌশলীদের সাথে প্রেসিডেন্ট বিএনএফডব্লিউএ

বিএনএফডব্লিউএ খুলনার কার্যনির্বাহী কমিটির সদস্যবৃন্দের সাথে বিদায়ী প্রেসিডেন্ট বিএনএফডব্লিউএ।

২। <u>**নবনিযুক্ত প্রেসিডেন্ট বিএনএফডব্লিউএ এর খুলনা নৌ অঞ্চল সফর পসঙ্গে**</u>। গত ২৭ জুলাই ২০২৩ বিএনএফডব্লিউএ এর নবনিযুক্ত মাননীয় প্রেসিডেন্ট খুলনা নৌ অঞ্চল সফর করেন। এ সময় বিএনএফডব্লিউএ খুলনার চেয়ারম্যান তাঁকে ফুলেল অভ্যর্থনা জানান। সফরকালে তিনি বিএনএফডব্লিউএ খুলনা পরিচালিত বুটিকশপ নোঙ্গরসহ এর সামগ্রিক কার্যক্রম পরিদর্শন করেন। পরিদর্শন শেষে বিএনএফডব্লিউএ খুলনাস্থ কনফারেন্স হলে মাননীয় প্রেসিডেন্ট, বিএনএফডবিস্নউএ খুলনা, বিএন লেডিস ক্লাব খুলনা, বিএনএফডবিস্নউএ মোংলা উপশাখার কার্যনির্বাহী কমিটির সদস্যগণের সাথে মতবিনিময় সভায় অংশগ্রহণ করেন। নৌপরিবারের সদস্যদের কল্যাণে তিনি সুচিন্তিত পরামর্শ প্রদান করেন। এছাড়াও তিনি বানৌজা তিতুমীরস্থ ফেয়ারওয়ে মাল্টিপারপাস হলে আয়োজিত মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান উপভোগ করেন এবং মধ্যাহ্নভোজে অংশগ্রহণ করেন। উক্ত অনুষ্ঠানসমূহে খুলনা নৌ অঞ্চলের কর্মকর্তা ও মনোনীত নাবিকগণের স্ত্রীগণ উপস্থিত ছিলেন।

বুটিকশপ নোঙ্গর পরিদর্শনকালে মাননীয় প্রেসিডেন্টকে ফুলেল অভ্যর্থনা জ্ঞাপন করেন চেয়ারম্যান বিএনএফডব্লিউএ খুলনা।

মাননীয় প্রেসিডেন্ট বিএনএফডব্লিউএ নাদিয়া সুলতানা কর্তৃক ভিজিটর বইতে স্বাক্ষর।

বানৌজা তিতুমীরস্থ ফেয়ারওয়ে মাল্টিপারপাস হলে চেয়ারম্যান বিএনএফডব্লিউএ খুলনা কর্তৃক মাননীয় প্রেসিডেন্ট বিএনএফডব্লিউএ নাদিয়া সুলতানাকে ফুলেল তোঁড়া দিয়ে অভ্যর্থনা জ্ঞাপন।

বিএনএফডব্লিউএ খুলনা কর্তৃক আয়োজিত কেক কাটিং সিরেমনিতে মাননীয় প্রেসিডেন্ট ও অন্যান্য অতিথিবৃন্দ।

মাননীয় প্রেসিডেন্ট বিএনএফডব্লিউএ কর্তৃক স্বাগত ভাষণ প্রদান।

সাংস্কৃতিক অনুষ্ঠানে অংশগ্রহণকারী কলাকৌশলীদের সাথে প্রেসিডেন্ট বিএনএফডব্লিউএ।

বিএনএফডব্লিউএ খুলনার কার্যনির্বাহী কমিটির সদস্যগণের সাথে প্রেসিডেন্ট বিএনএফডব্লিউএ।

মাননীয় প্রেসিডেন্ট বিএনএফডব্লিউএ কর্তৃক ডেজার্ট টেবিল পরিদর্শন।

৩। **<u>বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিব এর জন্মবার্ষিকী উদ্‌যাপন</u>।** বাংলাদেশ নৌবাহিনী পরিবার কল্যাণ সংঘ খুলনা কর্তৃক পরিচালিত নৌপরিবার শিশু নিকেতন খুলনা স্কুলে বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিব এর ৯৩তম জন্মবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষে নৌপরিবার শিশু নিকেতন খুলনা স্কুলে আলোচনা সভা, আবৃত্তি, রচনা ও চিত্রাংকণ প্রতিযোগিতার আয়োজন করা হয়। উক্ত অনুষ্ঠানে বিএনএফডব্লিউএ খুলনার কার্যনির্বাহী কমিটির সচিব (শিক্ষা) সহ অন্যান্য সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন। এছাড়াও অনুষ্ঠানে শিশু নিকেতন খুলনা স্কুলের ছাত্র-ছাত্রীদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ পরিলক্ষিত হয়।

বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিব এর ৯৩তম জন্মবার্ষিকী উপলক্ষে অনুষ্ঠিত প্রতিযোগিতায় শিক্ষার্থীদের একাংশ।

বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিব এর ৯৩তম জন্মবার্ষিকী উপলক্ষে অনুষ্ঠিত প্রতিযোগিতায় শিক্ষার্থীদের একাংশ।

২। <u>**জাতীয় শোক দিবস পালন**</u>। বিএনএফডব্লিউএ খুলনার সার্বিক ব্যবস্থাপনায় গত ১৫ আগস্ট ২০২৩ স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৮তম শাহাদাত বার্ষিকী এবং জাতীয় শোক দিবস উপলক্ষে বিএনএফডব্লিউএ খুলনা কনফারেন্স হলে নৌপরিবার শিশু নিকেতন খুলনা কর্তৃক জাতীয় শোক দিবসের উপর আলোচনা, কবিতা পাঠ, রচনা, চিত্রাঙ্কন প্রতিযোগিতা, হামদ-নাতসহ বঙ্গবন্ধুর জীবনীর উপর নির্মিত প্রামান্য চিত্র প্রদর্শনী এবং শহীদগণের রুহের মাগফেরাত কামনা করে বিশেষ দোয়া ও মোনাজাতের আয়োজন করা হয়। অনুষ্ঠানে চেয়ারম্যান বিএনএফডব্লিউএ খুলনা এবং কার্যনির্বাহী কমিটির সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন। উক্ত অনুষ্ঠানে শিশু নিকেতন খুলনা স্কুলের ছাত্র-ছাত্রীদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ পরিলক্ষিত হয়।

চেয়ারম্যান বিএনএফডব্লিউএ খুলনা বেগম রুমানা শাহীন কর্তৃক বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণের একাংশ।

জাতীয় শোক দিবস উপলক্ষে আয়োজিত প্রতিযোগিতায় বিজয়ী শিক্ষার্থীদের মাঝে চেয়ারম্যান বিএনএফডব্লিউএ খুলনা।

প্রতিবেদন- বিএনএফডব্লিউএ মোংলা উপশাখা

১। বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিব এর ৯৩তম জন্মবার্ষিকী উপলক্ষ্যে আয়োজিত আলোচনা সভা, কবিতা আবৃত্তি, রচনা ও চিত্রাংকন প্রতিযোগিতার স্থিরচিত্রঃ

শিক্ষার্থী কর্তৃক বঙ্গমাতার জীবন বিষয়ক আলোচনা।

শিক্ষক কর্তৃক বঙ্গমাতার জীবন বিষয়ক আলোচনা।

বঙ্গমাতার ৯৩তম জন্মবার্ষিকী উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠান শেষে দলগত আলোকচিত্র।

২। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৮তম শাহাদাত বর্ষিকীতে জাতীয় শোক দিবস পালন উপলক্ষ্যে আয়োজিত আলোচনা সভা, হামদ-নাত, কবিতা আবৃতি, রচনা, চিত্রাংকন প্রতিযোগিতা ও দোয়া অনুষ্ঠানের স্থিরচিত্র

শিক্ষার্থী কর্তৃক জাতির পিতার জীবন বিষয়ক আলোচনা।

প্রতিযোগীদের মাঝে পুরস্কার বিতরণ।

জাতির পিতার ৪৮তম শাহাদাত বার্ষিকীতে জাতীয় শোক দিবস উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠান শেষে দলগত আলোকচিত্র।

প্রতিবেদন- বিএন লেডিস ক্লাব খুলনা শাখা

১। **জাতির পিতার ৪৮তম শাহাদত বার্ষিকী উপলক্ষ্যে জাতীয় শোক দিবস ২০২৩ পালন**। স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস পালন উপলক্ষ্যে বিএন লেডিস ক্লাব খুলনা শাখার সার্বিক ব্যবস্াপনায় খুলনা নৌ অঞ্চলে বসবাসরত কর্মকর্তা পরিবারের সন্দানদের অংশগ্রহণে গত ১৫ আগস্ট ২০২৩ বিএন লেডিস ক্লাব খুলনা অডিটোরিয়ামে জাতির পিতার স্বপ্নের বাংলাদেশ বিষয়ক চিত্রাংকন প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণীর আয়োজন করা হয়। উক্ত অনুষ্ঠানে বিএন লেডিস ক্লাব খুলনা শাখার চেয়াম্যান প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। এছাড়া, বিএন লেডিস ক্লাব খুলনা শাখার কার্যনির্বাহী কমিটির সদস্যগণ এবং অংশগ্রহণকারী সর্বমোট ৩২ জন প্রতিযোগী উপস্থিত ছিলেন।

জাতীয় শোক দিবস পালন উপলক্ষ্যে বিএন লেডিস ক্লাব খুলনা শাখা কর্তৃক আয়োজিত চিত্রাংকন প্রতিযোগিতার বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ

জাতীয় শোক দিবস পালন উপলক্ষ্যে বিএন লেডিস ক্লাব খুলনা শাখা কর্তক আয়োজিত চিত্রাংকন প্রতিযোগিতা শেষে কার্যনির্বাহী কমিটির সদস্য ও পুরস্কার হতে প্রতিযোগিবৃন্দ